

নম্বর: ৩৮.০০৮.০১১.০০.০০.০০৮.২০১৪ (অংশ-২)-৫৬১

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৫  
১১ জুন, ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে নন-ক্যাডার পদের নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০ অনুযায়ী ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখের ৮০.০০.০০০০.০১১.১১.০৪.২০১৬-২৩৯ সংখ্যক স্মারকপত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণীর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (প্রশিক্ষণবিহীন) হিসেবে ২০১৫ সালের বেতন স্কেল অনুযায়ী হেড-১২ টাকা-১১৩০০-২৭৩০০/-এ নিম্নবর্ণিত উপজেলা/থানা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নং	রেজি: নং	নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	নিয়োগপ্রাপ্ত উপজেলা/থানা
০১	০৯৬৬২৬	পাপিয়া সুলতানা পিতা: সারোয়ার কাওসার মাতা: হাজেরা বিবি	গ্রাম: হরখালী, ডাকঘর: মাজলিয়া, উপজেলা: সরিষাবাড়ী, জেলা: জামালপুর।	গ্রাম: হরখালী, ডাকঘর: মাজলিয়া, উপজেলা: সরিষাবাড়ী, জেলা: জামালপুর।	সরিষাবাড়ী
০২	০৪২৪২৮	মো: মাসুদ পারভেজ পিতা: মো: লুৎফুর রহমান মাতা: মিস ফারভিন বেগম	গ্রাম: কাদবা, ডাকঘর: বড় সান্দিশ্বর, উপজেলা: নাজলকোট, জেলা: কুমিল্লা।	গ্রাম: কাদবা, ডাকঘর: বড় সান্দিশ্বর, উপজেলা: নাজলকোট, জেলা: কুমিল্লা।	নাজলকোট

২। এ নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

- তাদের চাকুরীতে যোগদানের পর ২ বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে;
- শিক্ষানবিশকালে অযোগ্য বিবেচিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদেরকে চাকুরী হতে অপসারণ করা যাবে;
- শিক্ষানবিশকাল সম্ভোষজনক বিবেচিত হলে বিধি মোতাবেক স্থায়ী করা হবে;
- চাকুরীতে তাঁদের জ্যেষ্ঠতা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত জ্যেষ্ঠতা তালিকা অনুযায়ী নির্ধারিত হবে;
- তিনি বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তির সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- সরকারের প্রচলিত বিধি বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান/আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকুরীতে নিয়োগের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;
- প্রশিক্ষণবিহীন প্রার্থীগণকে নিয়োগ আদেশ প্রাপ্তির পরবর্তী ০৩(তিন) বছরের মধ্যে ডিপ-ইন-এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- নিয়োগপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা কর্তৃক সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভুল/ত্রুটিপূর্ণ হলে নিয়োগ আদেশ বাতিল করা যাবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
- শিশুকে শারীরিক ও মানসিক নির্ধাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।


০৩। নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ আগামী ০৫/০৭/২০১৮ তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৪। প্রত্যেক প্রার্থী সংশ্লিষ্ট উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর যোগদান পত্র দাখিল করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসার যোগদানপত্র গ্রহণপূর্বক একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন। বর্ণিত প্রত্যয়নপত্র গ্রহণ করে তিনি সংশ্লিষ্ট বিদ্যালয়ে যোগদান করবেন। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার বরাবর যোগদানের তারিখই শিক্ষকের চাকুরীতে যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে।

০৫। নিয়োগকৃত শিক্ষকের বেতন ভাতাদি কোড নং ৩-২৪৩২-০০০০/৪৬০০/৪৭০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ খাত হতে মিটানো হবে।


০৬। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকগণকে নিয়োগকৃত উপজেলা/থানা ভিত্তিক প্রধান শিক্ষকের শূন্য পদে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
১১/০৬/১৮  
(মনোয়ারা ইশরাত)  
উপসচিব  
ফোন: ৯৫৭৭২৫৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ/চট্টগ্রাম বিভাগ।
- ৬। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৮। জেলা প্রশাসক জামালপুর/কুমিল্লা।
- ৯। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম বিভাগ।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর/কুমিল্লা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জামালপুর/কুমিল্লা।
- ১৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর/নাঙ্গলকোট, কুমিল্লা।
- ১৬। উপজেলা/থানা শিক্ষা অফিসার সরিষাবাড়ী, জামালপুর/নাঙ্গলকোট, কুমিল্লা।
- ১৭। জনাব.....প্রধান শিক্ষক, ..... সরকারি প্রাথমিক বিদ্যালয়,  
জেলা.....উপজেলা.....।
- ১৮। সংরক্ষণ নথি।

  
(মনোয়ারা ইশরাতি)  
উপসচিব